# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৮৭. পা ধোয়া ছাড়া শুধু মোজার উপর মাসেহ করলে ওযু হবে কি না?

ওযুর অন্যান্য অঙ্গ ধুয়ে পা ধোয়া ছাড়া কিছু শর্ত সাপেক্ষে শুধু মোজার উপর মাসেহ করলে ওযূ হয়ে যাবে। সাহাবী জারীর ইবনে আব্দুল্লাহ (রা) বলেন, “আমি দেখেছি, রাসূলুল্লাহ (স) পেশাব করার পর ওযু করলেন এবং নিজের মোজার উপর মাসেহ করলেন।” (মুসলিম: ২৭২)

হাসান বসরী (রা) বর্ণনা করেন যে, “আমাকে আল্লাহর নবীর (স) সত্তর জন সাহাবী বলেন যে, তিনি (স) মোজার উপর মাসেহ করেছেন।” (ফাতহুল বারী- ১/৩০৬)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12824

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন